কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়

ভোকেশনাল মোড়, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম-৫৬০০।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নবনিযুক্ত চেয়ারম্যান মহোদয়কে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অভিনন্দন বার্তা।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর ১৫তম চেয়ারম্যান হিসেবে দায়িত্বপ্রাপ্ত হওয়ায় দেশবরেণ্য শিক্ষাবিদ, গবেষক এবং ঢাকা বিশ্ববিদ্যালয় এর প্রাণরসায়ন ও অণুজীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মামুন আহমেদ মহোদয়কে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে জানাই আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।

ড. মামুন আহমেদ মহোদয়ের দীর্ঘ ও সমৃদ্ধ একাডেমিক জীবন, গবেষণায় অসামান্য অবদান এবং প্রশাসনিক দক্ষতা দেশের উচ্চশিক্ষা খাতের জন্য এক অনন্য উদাহরণ।

শিক্ষকতা, গবেষণা ও প্রাতিষ্ঠানিক নেতৃত্ব এই তিনটি ক্ষেত্রে তার উজ্জ্বল পদচারণা তাকে এ গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনের জন্য অত্যন্ত যোগ্য করে তুলেছে। বিশেষ করে ভাইরোলজি ও মলিকুলার ডায়াগনস্টিকস বিষয়ে তার গভীর জ্ঞান, আন্তর্জাতিক মানের গবেষণা কার্যক্রম এবং বৈশ্বিক একাডেমিক অঙ্গনে সক্রিয় অংশগ্রহণ তাকে একটি শক্তিশালী ও দূরদর্শী নেতৃত্বের প্রতীক হিসেবে প্রতিষ্ঠিত করেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে তার সাফল্যমণ্ডিত কর্মজীবন, উপ-উপাচার্য (একাডেমিক) হিসেবে দায়িত্ব পালন এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ একাডেমিক ও প্রশাসনিক পদে তার দক্ষ নেতৃত্ব নিঃসন্দেহে তাকে এ দায়িত্ব পালনে আরও পরিপক্ব ও সক্ষম করে তুলেছে। তার নেতৃত্বে শিক্ষা ব্যবস্থার আধুনিকায়ন, গবেষণার গুণগত মান বৃদ্ধি এবং জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণে কার্যকর উদ্যোগ গ্রহণ সম্ভব হবে বলে আমরা দৃঢ়ভাবে আশাবাদী।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান হিসেবে তার বিচক্ষণতা, প্রজ্ঞা ও সুদূরপ্রসারী দৃষ্টিভঙ্গি দেশের বিশ্ববিদ্যালয়সমূহে গুণগত শিক্ষা নিশ্চিতকরণ, গবেষণার প্রসার, উদ্ভাবনী কার্যক্রমের বিকাশ এবং আন্তর্জাতিক মানদণ্ডে উন্নীতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এটাই আমাদের প্রত্যাশা। একইসঙ্গে তাঁর নেতৃত্বে উচ্চশিক্ষা খাতে সুশাসন, জবাবদিহিতা এবং টেকসই উন্নয়ন আরও সুদৃঢ় হবে বলে আমরা বিশ্বাস করি।

পরিশেষে আমি উনার সুস্বাস্থ্য, দীর্ঘায়ু এবং দায়িত্ব পালনে সর্বাঙ্গীণ সাফল্য কামনা করছি। তার গতিশীল নেতৃত্বে দেশের উচ্চশিক্ষা খাত আরও সমৃদ্ধ, আধুনিক ও বিশ্বমানের হয়ে উঠবে এই আশাবাদ ব্যক্ত করছি।

প্রফেসর ড. মুহঃ রাশেদুল ইসলাম
উপাচার্য
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়